National Park Service
U.S. Department of the Interior

বন্ধুগণ,

আমাদের জাতীয় উদ্যানে একটি দারুণ বছর, গত নভেম্বর মাসে প্রতিষ্ঠিত হওয়ার পর এর 2য় বার্ষিকী উদযাপন করা হয়। এই সংবাদ-সংকলনে বহু প্রকল্প এবং কর্মসূচী তুলে ধরা হয়েছে যেগুলি দেখায়, আমাদের জাতীয় উদ্যান হল দর্শনার্থী এবং স্থানীয় মানুষ উভয়ের জন্য প্যাটারসনের প্রাকৃতিক ও ঐতিহাসিক সম্পদের জ্ঞান অর্জন করার জায়গা। আমি আমাদের উদ্যানের বহু শরিকদের ধন্যবাদ জানাতে চাই যাদের সাগ্রহ সহায়তা একটি সফল 2013 নিশ্চিত করেছে এবং এর ফলে ভবিষ্যতে অনেক বেশি টাকা পাবার সুযোগ আসবে।

2014 সালে গ্রেট ফলস্ বিভিন্ন ন্যাশনাল পার্ক সার্ভিস (NPS) -এর তহবিলের জন্য অগ্রাধিকার পেয়েছে। NPS এই বছর পুনরায় গ্রেট ফলস্ ইয়ুথ কোরকে অর্থ জোগাচ্ছে, সুতরাং আমরা আবার আমাদের যুব সম্প্রদায়ের জন্য একটি দারুণ সুযোগ প্রদান করব NJ কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের সাথে যৌথভাবে। আমাদের যুবসমাজের কর্মসূচী বাড়ানোর জন্য আমরা মন্টক্লেয়ার স্টেট ইউনিভার্সিটির প্যাসাইক রিভার ইনস্টিটিউটের কাছ থেকে অনুদান পাবার আশা করছি একটি 'ইকো-এক্সপ্লোরার্স' সামার প্রোগ্রামের জন্য এবং প্যাসাইক কাউন্টি কমিউনিটি কলেজের কাছ থেকে অনুদান পাবার আশা করছি মিডল স্কুলের বিদ্যার্থীদের জন্য একটি থিয়েটার আর্টস অ্যান্ড পোয়েট্রি প্রজেক্টের জন্য। উপরন্তু, আমরা উদ্যানের একটি আর্কিওলজিকাল ওভারভিউ অ্যান্ড অ্যাসেসমেন্ট সম্পন্ন করছি, একটি হিস্টোরিক রিসোর্স স্টাডি এবং একটি এথনোগ্রাফি স্টাডি উদ্বোধন করছি। আমি দ্বিতীয় প্রকল্পটির জন্য বিশেষভাবে উৎসাহিত, যা প্যাটারসনের মানুষের উপর নজর দেবে এবং জাতিগত ধারাগুলির গবেষণা করবে যেটা শিল্প পর্ব থেকে আমাদের জানা এই শহরটি পর্যন্ত প্যাটারসনের বৈশিষ্ট্য।

NPS এই গ্রীষ্মকালে আমাদের সার্বিক পরিচালন পরিকল্পনার একটি খসড়া তৈরি করবে। এই পরিকল্পনাটি আগামী 15-20 বছরের জন্য এই উদ্যানটির ক্ষেত্রে আমাদের দূরদর্শিতা তুলে ধরবে। আমরা প্যাটারসনে অনেকগুলি জনসভার আয়োজন করব এবং পরিকল্পনাটি অন লাইনেও পাওয়া যাবে। আমরা আপনাদের রসদ পেতে চাই এবং সেই সময়ে আপনাদের মতামত শোনার আশা রাখি। পরিকল্পনা প্রকাশ করার এবং সভাগুলির তারিখ পার্কের www.nps.gov/pagr ওয়েবসাইটে প্রচার করা হবে।

প্যাটারসনে একটি বিশ্বমানের জাতীয় উদ্যান সৃষ্টি করার জন্য আমাদের ব্রতের প্রতি আপনাদের সময় ও আগ্রহকে আমি সমাদর করি।

ভবদীয়,
ড্যারেন বচ
সুপারিনটেন্ডেন্ট
প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিক্যাল পার্ক

প্রতিবিম্বগুলি হ্যামিলটন পার্টনারশিপ ফর প্যাটারসনের সৌজন্যে

গ্রেট ফলস্-এর নতুন অডিও পর্যটন

জাতীয় উদ্যানের দর্শনার্থীদের এখন ব্রায়ান উইলিয়মস এবং ভিক্টর ক্রুজ "ঘুরিয়ে দেখাবেন"। গত এপ্রিলে, পার্ক মিল মাইল ওয়াকিং ট্যুর প্রবর্তন করেছিল, দর্শনার্থীদের জন্য একটি স্ব-নির্দেশিত স্মার্ট-ফোন অ্যাপ বা সেলফোন পর্যটন যেটা প্যাটারসন গ্রেট ফলস্-এর চমকপ্রদ পরিবেশগত এবং সাংস্কৃতিক গুরুত্ব তুলে ধরে। অডিও পর্যটনের ভাষ্যকার হলেন সংবাদপাঠক ব্রায়ান উইলিয়মস এবং তা আরও সমৃদ্ধ করা হয়েছে সরকার, ক্রীড়া, এবং শিল্পের বিশিষ্ট ব্যক্তিদের আর প্যাটারসনের কিছু যুবার মতামতের দ্বারা।

মিল মাইল হল হ্যামিলটন পার্টনারশিপ ফর প্যাটারসন-এর একটি শিক্ষামূলক উদ্যোগ, এটা একটি মুনাফাহীন সংস্থা যেটা প্যাটারসন গ্রেট ফলস NHP উদ্বোধন করতে সাহায্য করেছে। ওয়াকিং ট্যুর এবং তার পুস্তিকাটির জন্য অর্থ দিয়েছে জেরালডিন ডজ ফাউন্ডেশন, 1772 ফাউন্ডেশন, এবং হেনরি অ্যান্ড মেরিলিন টব ফাউন্ডেশন। অতিরিক্ত তথ্যের জন্য এবং নিঃশুল্ক ট্যুরটি ডাউনলোড করার জন্য www.millmile.org ওয়েবসাইট দেখুন।

মেরি ইলেন ক্র্যামার পার্ক গ্রাউন্ডব্রেকিং

6 নভেম্বর, 2013 তারিখে শহর, রাজ্য, জেলা এবং রাষ্ট্রীয় সরকারের নির্বাচিত এবং নিয়োজিত কর্মকর্তারা মেরি ইলেন ক্র্যামার পার্কে এসেছিলেন একটি ব্যাপক ভূদৃশ্য-উন্নতি প্রকল্পের উদ্বোধন উপলক্ষে। এই পার্কটি, হল জাতীয় উদ্যানের অংশ যেটা গ্রেট ফলসের পাশে, এবং এর নামকরণ করা হয়েছে প্রাক্তন মেয়র প্যাট ক্র্যামারের মৃত স্ত্রীর উদ্দেশ্যে। মেরি ইলেন ক্র্যামার জলপ্রপাতের চারধারে ভূদৃশ্য সংরক্ষণ করার একজন প্রারম্ভিক সমর্থক ছিলেন এবং গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিক ল্যান্ড মার্ক ডিস্ট্রিক্ট-কে স্বীকৃতি পেতে সাহায্য করেছিলেন।

ভূদৃশ্যের উন্নতি পার্কের সৌন্দর্য এবং প্রবেশপথ দর্শনীয় করবে। এই প্রকল্পের মধ্যে আছে মাটির প্রতিকার, নতুন পথ বানানো, আলো লাগানো, বেঞ্চ বসানো এবং ভূদৃশ্যের পর্যাপ্ত উন্নতি। প্রতিকারের জন্য টাকা দেবে NJ ডিপার্টমেন্ট অফ এনভায়ার্নমেন্টাল প্রটেকশন (NJDEP)-এর অফিস অফ ব্রাউনফিল্ডস রিইউজ এবং 'গ্রীন একর্স' কর্মসূচী এবং ভূদৃশ্য উন্নতির জন্য টাকা আসবে কাউন্টি অফ প্যাসাইক-এর ওপেন স্পেস ফান্ড থেকে। সংস্কারের কাজ চলাকালীন পার্ক জনসাধারণের জন্য বন্ধ রাখা হবে, যা 2014 সালের শেষ পর্যন্ত চলবে আশা করা যায়।

হিঙ্কলাইফ স্টেডিয়ামকে একটি ন্যাশনাল হিস্টোরিক ল্যান্ডমার্ক করা হয়েছে

প্যাটারসনের গর্ব করার মত আরও একটি স্মরণীয় জিনিস আছে! গত মার্চ মাসে NPS হিঙ্কলাইফ স্টেডিয়ামকে একটি ন্যাশনাল হিস্টোরিক ল্যান্ডমার্ক মনোনীত করে এবং সিটি অফ প্যাটারসন একে একটি স্থানীয় স্মরণীয় জায়গার আখ্যা দেয়। ঐতিহাসিক 10,000 আসনের এই স্টেডিয়ামটি দেশের অল্প কয়েকটি অবশিষ্ট স্টেডিয়ামের একটি যেখানে নিগ্রো লিগ বেসবল খেলা হয়েছে। এই স্টেডিয়ামটি 1996 সাল থেকে জনসাধারণের জন্য বন্ধ রাখা হয়েছে, যেটা 1931 এবং 1932 সালের মধ্যে একটি পূর্ত প্রকল্প হিসাবে তৈরি করা হয়েছিল। এর রমরমার দিনে, এই স্টেডিয়ামে পেশাদার ও অপেশাদার বেসবল এবং ফুটবল খেলা হয়েছে, হাই স্কুলের স্পোর্টস হয়েছে, গাড়ীর রেস হয়েছে, এবং বিনোদন থেকেছে।

ন্যাশনাল ট্রাস্ট ফর হিস্টোরিক রিজার্ভেশন, যারা বলেছেন এই স্টেডিয়ামটি দেশের অন্যতম অতি বিপদগ্রস্ত ঐতিহাসিক সম্পদ, তারা সিটি অফ প্যাটারসন, প্যাটারসন বোর্ড অফ এডুকেশন, ফ্রেন্ডস অফ হিঙ্কলাইফ স্টেডিয়াম এবং NPS-এর সাথে হাত মিলিয়েছে স্টেডিয়ামের ভোল পাল্টে দেবার জন্য এবং অন্তিম পুনঃস্কারের কাজের জন্য। শরিকদের প্রচেষ্টার মাধ্যমে প্রায় $1.2 মিলিয়ন জোগার করা হয়েছে স্টেডিয়ামটিকে খুঁটিয়ে দেখার জন্য এবং আংশিক পুনরুদ্ধার করার জন্য, যেমন এর বিখ্যাত প্রবেশপথ এবং বসার কয়েকটি অংশ। এই প্রকল্পটি ভবিষ্যতে ব্যবহারের জন্য এই স্টেডিয়ামটি সংরক্ষিত এবং পুরোপুরি পুনরুদ্ধার করার লক্ষে যা করা হবে তার তথ্য দেবে।

ফটো টেরেন্স ম্যাকেনার সৌজন্যে

প্যাটারসনের যুবারা দক্ষিণ দিকে জাতীয় উদ্যান অভিযানে যায়

প্যাটারসনের প্রায় 40 জন যুবা জুন মাসে দক্ষিণ দিকে যাত্রা শুরু করে এবং তারা দুইটি জাতীয় উদ্যান, দুইটি NPS পেশাদার কেন্দ্র, এবং একটি হোয়াইট ওয়াটার র্যাফটিং অভিযানে যায়। যাত্রীদের মধ্যে ছিল গ্রেট ফলস্ ইয়ুথ কোর-এর সদস্যরা, প্রিন্সিপল এবং প্যাটারসনের মাধ্যমিক স্কুলগুলির শিক্ষকদের দ্বারা নির্বাচিত 22জন সক্ষম এবং নীচু ক্লাসের প্রতিনিধিরা। তিন দিন, দুই রাতের এই যাত্রায় তারা হার্পার্স ফেরি ন্যাশনাল হিস্টরিক্যাল পার্কে (NHP) যায়, যেখানে তারা প্রথম সফল বিনিময়যোগ্য নির্মাণের প্রয়োগ দেখে, তারপরে তারা ম্যাথার ট্রেনিং সেন্টারে, হার্পার্স ফেরি ইন্টারপ্রেটিভ ডিজাইন সেন্টার এবং উইলোস্প্রিংস্ কনজারভেশন ফেসিলিটিতে থামে পেশার অনুসন্ধানে। বিদ্যার্থীরা যাদুঘরের প্রদর্শ ডিজাইনার, মানচিত্রবিদ, সামাজিক সংবাদ মাধ্যমের বিশেষজ্ঞ, কাগজ ও বস্ত্র সংরক্ষক এবং ব্যাখ্যাকারী রেঞ্জারদের সাথে দেখা করার সুযোগ পায়।

দ্বিতীয় দিনে শেনানডো এবং পোটোম্যাক নদীতে হোয়াইট ওয়াটার র্যাফটিং করা হয়। তাদের অভিযানের সেরা বিষয়টি ছিল 1870-এর দশকে ফিরে যাওয়া যখন তারা চেসাপিক অ্যান্ড ওহাইয়ো ক্যানাল NHP-এ খচ্চরে টানা নৌকায় চড়ে একটি খালে ঘুরে বেড়ায়, যার নিজস্ব 'গ্রেট ফলস্' আছে ফলে বিতর্ক হয় কোনটিকে "মহা" শীর্ষক দেওয়া উচিত। বিদ্যার্থীরা একটি খাল ও রেসওয়ের মধ্যে পার্থক্য আলোচনা করার সুযোগ পায়, এবং তারা আবিষ্কার করে প্যাটারসনে তাদের নিজেদের থাকওলা রেসওয়ে কত অসাধারণ। এই যাত্রাটি সম্ভব হয় গ্রেট ফলস ইয়ুথ কোর-এর দরুণ, যাদের প্যাটারসন গ্রেট ফলস্ NHP এবং NJ কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের সাথে জোট আছে।

উইলিয়াম প্যাটারসন ইউনিভার্সিটি ন্যাশনাল পার্কের শরিক হয়

গত গ্রীষ্মকালে উইলিয়ম প্যাটারসন ইউনিভার্সিটি এবং প্যাটারসন গ্রেট ফলস্ NHP একটি আনুষ্ঠানিক অংশদারিত্বে আবদ্ধ হয় যার লক্ষ্য হল শিক্ষামূলক উদ্দেশ্যের জন্য পার্কের ঐতিহাসিক, সাংস্কৃতিক সম্পদের আরও বেশি ব্যবহার সৃষ্টি করা। এই চুক্তিতে স্বাক্ষর করেন উইলিয়ম প্যাটারসন ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ক্যাথলিন ওয়ালড্রন এবং প্যাটারসন গ্রেট ফলস্ NHP -এর সুপারিনটেন্ডেন্ট ড্যারেন বচ 25 জুন তারিখে আয়োজিত একটি অনুষ্ঠানে।

এই সহযোগে বিভিন্ন উদ্যোগ থাকবে। পার্ক উইলিয়ম প্যাটারসন বিদ্যার্থীদের হাতে-কলমে কাজ করার সুযোগ দেবে এবং পার্কে বিশ্ববিদ্যালয়ের উপস্থাপনা, ভাষণ, কোর্স এবং অনুষ্ঠানের আয়োজন করবে। উপরক্ত পার্কের সাথে সহযোগী কর্মসূচীগুলিতে উইলিয়ম প্যাটারসন ইউনিভার্সিটি উঁচু জাতের শিক্ষকদের এবং বিদ্যার্থীদের জড়িত করার চেষ্টা করবে, বিশেষত সেই কর্মসূচীগুলিতে যেগুলি জনসাধারণের জন্য পার্ক এবং তার চারপাশের ব্যাখ্যামূলক ধারণার একটি গভীর উপলব্ধি প্রচার করার জন্য তৈরি করা হয়েছে।

পার্ক নতুন জুনিয়র রেঞ্জার কর্মসূচীর পরীক্ষা নিচ্ছে। এপ্রিলে এই কর্মসূচী শুরু হওয়ার পর তেকে 120 জনের বেশি স্থানীয় যুবা গ্রেট ফলসে আনুষ্ঠানিক NPS জুনিয়র রেঞ্জার হয়েছে।

পার্কের টিচার - রেঞ্জার - টিচার কর্মসূচীর অধীন, স্কুলের শিক্ষকরা ক্লাসরুম এবং পার্কের সংযোগকারী পাঠ ঠিক করার জন্য গবেষণা করছেন।

সেপ্টেম্বর মাসে স্থানীয় শিল্পী এবং স্কুলগুলির সাথে যৌথভাবে 2য় বার্ষিক প্যাটারসন গ্রেট ফলস্ অ্যাসফ্যাল্ট-আর্ট কম্পিটিশন অনুষ্ঠিত হয়েছিল।

ফটো আদালি ফটোগ্রাফির সৌজন্যে

ফটো মহম্মদ খালিলের সৌজন্যে

ফটো আদালি ফটোগ্রাফির সৌজন্যে

NPS প্যাটারসনে পুনরায় "রকিং দ্য বোট" শুরু করে যাতে বিদ্যার্থীরা প্যাসাইক নদী উপভোগ করতে এবং তার বিষয়ে জানতে পারে।

পার্কের "দত্তক নেওয়া" 2016 সালে স্নাতক হওয়ার ক্লাস (সেন্টেনিয়াল ক্লাস), প্যাটারসন পাবলিক স্কুল #7, মরিসটাউন ন্যাশনাল হিস্টোরিক্যাল পার্কে ঘুরে আসে।

পার্কের রেঞ্জার পরিচালিত পর্যটন ও শিক্ষামূলক কর্মসূচীতে 3,300 দর্শনার্থীর বেশি ভাগ নেন।

(ফটো আদালি রোজারিও এবং NJCDC-এর সৌজন্যে)

আর্থ ডে (পৃথিবী দিবস) এপ্রিল 22 তারিখে বার্ষিক গ্রেট ফলস্ ক্লীন-আপ অনুষ্ঠিত হয় যাতে 200 জনের বেশি স্বেচ্ছাসেবী যোগ দেন।

জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যান কী?

একটি জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যান (GMP) জাতীয় উদ্যান ব্যবস্থার ইউনিটগুলির ভবিষ্যত্ ব্যবস্থাপনার জন্য সামগ্রিক দিশা চিহ্নিত করে। GMPগুলি একটি দূরপ্রসারী, ব্যাপক ধারণামূলক পদক্ষেপ নেয় এই প্রশ্নটির উত্তর দিয়ে, "আমরা এই পার্কটিকে কী রকম জায়গা হিসাবে পেতে চাই?" এটা ব্যবস্থাপকদের সিদ্ধান্ত নিতে একটি কাঠামো দেয় যে উপাদানগুলি পার্ক গঠন করে সেগুলি কীভাবে সুরক্ষিত করতে হবে, কোন মাত্রা এবং ধরণের ব্যবহার যথাযথ হবে, কী ধরণের সুবিধাগুলি তৈরি করতে হবে, এবং মানুষদের কীভাবে পার্কে আসা উচিত সেই ব্যাপারে।



GMP-এর স্থিতির সাম্প্রতিক তথ্য

পুরো গত বছর, NPS প্ল্যানিং দল পার্কের প্রথম সার্বিক পরিচালন পরিকল্পনা বিকাশের জন্য বহু গুরুত্বপূর্ণ কার্যকলাপ সম্পন্ন করেছে। এই নতুন GMP আগামী 20 বছরের জন্য পার্কের বিকাশ ও ব্যবস্থাপনার পথ দেখাবে।

শহর, জেলা এবং রাজ্য সংস্থা, মুনাফাহীন সংগঠনগুলির প্রতিনিধি এবং প্যাটারসন গ্রেট ফলস্ ফেডারাল অ্যাডভাইজারি কমিশন প্যাসাইক নদী, পরিবহন ও প্রবেশ, এবং অর্থনৈতিক বিকাশ ও পর্যটন উদ্যোগকেন্দ্রিক অনেকগুলি কর্মশালায় অংশগ্রহণ করেছে। কর্মশালাগুলির লক্ষ্য ছিল বর্তমান অবস্থা, সম্ভাব্য বিষয় এবং সুযোগগুলিকে চিহ্নিত করা যেগুলি পার্কের ব্যবস্থাপনা পরিকল্পনায় বিবেচনা করা দরকার। NPS প্ল্যানিং দল এই সভাগুলি থেকে পাওয়া তথ্য ব্যবহার করে বিভিন্ন ধারণা সৃষ্টি করে পার্কে ঘোরার অভিজ্ঞতা ভাল করার জন্য।

হিস্টরিক আর্কিটেকচার, ম্যাসাচুসেটসের, লোওয়েলে অবস্থিত কনজারভেশন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং সেন্টারের NPS কর্মীরা প্যাটারসনের রেসওয়ে ব্যবস্থার একটি প্রাথমিক প্রতিবেদন তৈরি করেন। স্থানীয় বিশারদদের সাহায্যে, NPS কর্মীরা ঐতিহাসিক নির্মাণ পদ্ধতি এবং নির্মাণের জিনিসপত্র; রেসওয়ে, টেলরেস এবং জড়িত জলসরবরাহ কেন্দ্রের বিবর্তনের উপর গবেষণা করেন; এবং বর্তমান অবস্থার পর্যবেক্ষণ করেন। এই প্রতিবেদনে থাকা তথ্য প্ল্যানিং দলকে রেসওয়েগুলির জটিলতা এবং একটি পূর্ণ জলব্যবস্থার কারণগুলি বুঝতে সাহায্য করে।

ফেডারাল অ্যাডভাইজারি কমিশন এবং সিটি অফ প্যাটারসনের সহযোগে, প্ল্যানিং দল পার্কের সম্পদ সুরক্ষা করার জন্য বিভিন্ন বিকল্প সৃষ্টি করে, নানারকম শিক্ষামূলক অভিজ্ঞতার সুযোগ দেয় এবং অন্যদের সাথে সহযোগ করার উপায়গুলি খতিয়ে দেখে ভবিষ্যতের দূরদর্শিতা বাস্তব করার জন্য। বিকল্প নামক এই উপায়গুলি, পার্কের জন্য আলাদা দিশা দেয় এবং ভবিষ্যতে পার্ক এবং শরিকরা যে সম্ভাব্য পদক্ষেপগুলি নিতে পারবে তার বর্ণনা দেয়। চূড়ান্ত পরিকল্পনায় এই বিকল্পগুলির কোন একটি থাকতে পারে বা অনেকগুলি বিকল্পের অংশের সমবায় হতে পারে।

প্ল্যানিং দল বর্তমানে GMP এবং এনভায়ার্নমেন্টার ইম্প্যাক্ট স্টেটমেন্ট (EIS)-এর খসড়া তৈরি করছে। আশা করা হচ্ছে 2014 সালের গ্রীষ্মকালে জনসাধারণের পর্যালোচনার জন্য তা প্রকাশ হবে। দলিলটি প্রকাশ করার পর খসড়া GMP/EIS পেশ করার জন্য এবং জনসাধারণের মন্তব্য সংগ্রহ করার জন্য অনেকগুলি জনসমাবেশের আয়োজন করা হবে।

ফেডারাল অ্যাডভাইজরি কমিশন

কংগ্রেসের যে আইনের ক্ষমতায় প্যাটারসন গ্রেট ফলস্ NHP প্রতিষ্ঠা করা হয়েছে ঐ একই আইন ফেডারাল অ্যাডভাইজারি কমিশন প্রতিষ্ঠা করেছে যার কর্তব্য হল পার্কের GMP সৃষ্টি করার জন্য NPS ও অন্য মুখ্য সংস্থাগুলিকে পরামর্শ দেওয়া।

প্যাটারসন গ্রেট ফলস্ NHP-র ফেডারাল অ্যাডভাইজারি কমিশনের সদস্যরা:

ডাঃ লেসলি আগার্ড-জোনস, প্রাক্তন উইলিয়াম প্যাটারসন ইউনিভার্সিটি ডিন অফ এডুকেশন

থিওডর ও. বেস্ট জুঃ, ফ্রিহোল্ডার, প্যাসাইক কাউন্টি, নিউ জার্সি

ডাঃ সুজান এ. কোল, প্রেসিডেন্ট, মন্টক্লেয়ার স্টেট ইউনিভার্সিটি

রবার্ট গুরাসি, এগজিকিউটিভ ডাইরেকটর, নিউ জার্সি কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন

জেফ্রি জোনস্, মেয়র, প্যাটারসন, নিউ জার্সি

লরেন্স এফ. ক্র্যামার, প্রাক্তন মেয়র এবং আজীবন প্যাটারসনের বাসিন্দা

জেমস পেপার, প্রাক্তন ন্যাশনাল পার্ক সার্ভিস কর্মকর্তা

থমাস রূনি, প্রাক্তন প্যাটারসন মেয়র এবং কাউন্সিলম্যান

লিওনার্ড জ্যাকস, প্রেসিডেন্ট, হ্যামিলটন পার্টনারশিপ ফর প্যাটারসন

আসন্ন ফেডারাল অ্যাডভাইজারি কমিশনের বৈঠকগুলি:

10 এপ্রিল 2014 সন্ধ্যে 6:00 – 9:00
মন্টক্লেয়ার স্টেট ইউনিভার্সিটি
ডিকসন হল – কোহেন লাউঞ্জ

10 জুলাই 2014 বিকেল 2:00 – 5:00
প্যাটারসন মিউজিয়াম
2 **মার্কেট স্ট্রিট**
প্যাটারসন, NJ

09 অক্টোবর 2014 বিকেল 2:00 – 5:00
প্যাটারসন মিউজিয়াম
2 **মার্কেট স্ট্রিট**
প্যাটারসন, NJ

জেনারাল ম্যানেজমেন্ট প্ল্যানের জন্য পরিকল্পনা প্রক্রিয়া		
আনুমানিক সময়সীমা	**পরিকল্পনার কার্যকলাপ**	**আপনি কীভাবে জড়িত হতে পারেন**
ফল(হেমন্তকাল) 2011 - শীতকাল 2012	লক্ষ্য – পার্কের ব্যাপারে জনসাধারণ, সরকারি সংস্থা এবং অন্য শরিকদের ধারণা, প্রত্যাশা এবং মন্তব্য চিহ্নিত করুন।	- সংবাদ-সংকলন এবং ওয়েবসাইটের তথ্যের পুনর্বিচার করুন - ওপেন হাউজে যোগ দিন - আমাদের মন্তব্য এবং পরামর্শ পাঠান
গ্রীষ্মকাল – ফল 2012	ভিত এবং পরিকল্পনাসংক্রান্ত বিষয়গুলি – পার্কের উদ্দেশ্য, তাৎপর্য, মৌলিক সম্পদ এবং মুখ্য ব্যাখ্যামূলক ধারণা সুনিশ্চিত করুন; এবং পরিকল্পনাসংক্রান্ত বিষয় ও সম্পদের পরিস্থিতি চিহ্নিত করুন।	- সংবাদ-সংকলন এবং ওয়েবসাইটের তথ্যের পুনর্বিচার করুন - আমাদের মন্তব্য এবং পরামর্শ পাঠান
গ্রীষ্মকাল 2014	জেনারাল ম্যানেজমেন্ট প্ল্যান/অ্যানভায়ার্নমেন্ট ইম্প্যাক্ট স্টেটমেন্টের(খসড়া GMP/EIS) একটি খসড়া প্রস্তুত এবং বিতরণ করুন – জনসাধারণ, শরিক, সরকারি সংস্থা এবং অন্য অংশীদারদের পর্যালোচনা এবং মন্তব্য।	- খসড়া GMP/EIS পুনর্বিচার করুন - ওপেন হাউজে যোগ দেওয়া - আপনার লিখিত মন্তব্যগুলি বিনিময় করুন
শীতকাল 2015	খসড়া পরিকল্পনা সংশোধন করুন এবং চূড়ান্ত জেনারাল ম্যানেজমেন্ট প্ল্যান/ অ্যানভায়ার্নমেন্ট ইম্প্যাক্ট স্টেটমেন্টের (চূড়ান্ত GMP/EIS) প্রস্তুত করুন	- চূড়ান্ত GMP/EIS পুনর্বিচার করুন
বসন্তকাল 2015	অনুমোদিত পরিকল্পনার রূপায়ন করুন – একটি "রেকর্ড অফ ডিসিসন" প্রস্তুত ও জারি করুন এবং প্রাপ্ত টাকা অনুযায়ী পরিকল্পনা রূপায়ণ করুন	- পরিকল্পনাটি রূপায়ণ করতে সাহায্য করুন

যোগাযোগে থাকা

GMP এবং ভবিষ্যত্ অনুষ্ঠানগুলির বিষয়ে জানা এবং তার যোগাযোগে থাকার অনেক উপায় আছে। পরিকল্পনার প্রক্রিয়া, সময়সীমা এবং আপনি যে উপায়ে অংশগ্রহণ করতে পারেন তার একটি সারাংশ নীচে দেওয়া হয়েছে:

- ✓ পার্ক এবং GMP কার্যকলাপের উপর সাম্প্রতিক এবং সম্প্রসারিত তথ্যের জন্য প্যাটারসন গ্রেট ফলস্ NHP-র http://www.nps.gov/pagr ওয়েবসাইট দেখুন।
- ✓ খসড়া GMP প্রকাশ করার ঘোষণা এবং জনসাধারণের ওপেন হাউজের অতিরিক্ত তথ্য পাবার জন্য GMP ই-মেল বিজ্ঞপ্তির জন্য পার্কের ওয়েবসাইটে নাম লেখান http://www.nps.gov/pagr/parkmgmt/index.htm।
- ✓ প্যাটারসন গ্রেট ফলস্ NHP ফেসবুক পৃষ্ঠায় "লাইক" আমাদের - http://www.facebook.com/PatersonGreatFalls।
- ✓ পরিকল্পনা প্রক্রিয়ার বিষয়ে একটি ফেডারাল অ্যাডভাইজারি কমিশন বৈঠকে আসুন বা অ্যাডভাইজারি কমিশন সদস্যদের সাথে কথা বলুন এবং আপনার ধারণাগুলি জানান। ঘোষণা এবং আসন্ন বৈঠকের তারিখের জন্য অনুগ্রহ করে অ্যাডভাইজারি কমিশনের ওয়েবসাইট দেখুন (http://www.nps.gov/pagr/parkmgmt/federal-advisory-commission.htm)।
- ✓ প্যাটারসন গ্রেট ফলস্ NHP-র এই দূরপ্রসারী পরিকল্পনার বিষয়ে আরও জানুন http://parkplanning.nps.gov/pagr ওয়েবসাইট থেকে এবং নিউজ লেটার #1 এবং #2 ডাউনলোড করুন। লভ্য তথ্য হল:
  - পার্কের একটি সংক্ষিপ্ত ইতিহাস
  - 2011 সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত জনসাধারণের লক্ষ্য কর্মশালাগুলির ফলাফল
  - পার্কের জন্য খসড়া মৌলিক দলিল যেমন পার্কের উদ্দেশ্য এবং তাৎপর্যপূর্ণ বিবৃতিগুলি, ও ব্যাখ্যামূলক রচনা এবং মৌলিক সম্পদ ও মূল্যবোধগুলি
  - পরিকল্পনার মূখ্য বিষয়গুলি এবং পার্কের জন্য উদ্বেগগুলি
  - এবং আরও অনেক কিছু....

Photo courtesy of Adali Photography